নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
Noakhali Science and TechnologyUniversity : NSTU
নোয়াখালী-৩৮১৪
Phone : 880-321-62812
Fax : 880-321-62788
Mobile : 880-01720197824
E-mail : info@nstu.edu.bd
Website : www.nstu.edu.bd

রেজিস্ট্রার অফিস
শিক্ষা শাখা

নোবিপ্রবি/রেজি/একা/ইউজিসি/মেধাবৃত্তি/২০২৬/১৩৭৬৮ ১৩ আগস্ট ২০২৬

বিষয়ঃ মেধাবী শিক্ষার্থীদের জন্য ইউজিসি কর্তৃক মেধাবৃত্তির মনোনয়ন আহ্বান প্রসঙ্গে।

গত ২০ জুলাই ২০২৬ তারিখে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (ইউজিসি), আগারগাঁও ঢাকা কর্তৃক প্রেরিত পত্র স্মারক নং ৩৭.০১.০০০০.০০০.০৭১.৩৪.০০০২.২০.৩৫৭ এর আলোকে কর্তৃপক্ষের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, যেসকল মেধাবী শিক্ষার্থী সর্বশেষ শিক্ষাবর্ষে স্নাতক পরীক্ষা সম্পন্ন করেছেন এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত আছেন সেসকল শিক্ষার্থীদের মধ্যে **প্রত্যেক অনুষদ ও ইনস্টিটিউট থেকে সর্বোচ্চ সিজিপিএ/নম্বর প্রাপ্ত ০১ (এক) জন করে শিক্ষার্থী এবং বিশ্ববিদ্যালয় থেকে ০২ (দুই) জন প্রতিবন্ধী শিক্ষার্থীর নাম প্রেরণ করতে হবে।**

এমতাবস্থায়, অনুষদের ডিন ও ইনস্টিটিউটের পরিচালক মহোদয়গণ প্রত্যেক অনুষদ ও ইনস্টিটিউট থেকে সর্বোচ্চ সিজিপিএ/নম্বর প্রাপ্ত ০১ (এক) জন করে শিক্ষার্থী এবং প্রতিবন্ধী (যদি থাকে) শিক্ষার্থীদের তালিকা **সফটকপি academic@office.nstu.edu.bd ই-মেইলে এবং হার্ডকপি নিম্নস্বাক্ষরকারী বরাবর আগামী ২০ আগস্ট তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।**

উল্লেখ্য, চূড়ান্ত মনোনয়নকৃত শিক্ষার্থীদের ট্রান্সক্রিপ্টের কপিসমূহ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক সত্যায়ন করে আবেদনের সাথে জমা দিতে হবে।

সংযুক্তি: ইউজিসি থেকে প্রেরিত পত্র (নির্দেশনা অনুসরণের অনুরোধসহ)

১৩/০৮/২৬
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

প্রাপকঃ ১। ডিন, সকল অনুষদ, নোবিপ্রবি।
২। পরিচালক, আইআইএস ও আইআইটি, নোবিপ্রবি (শিক্ষার্থীরে অবহিতকরণের অনুরোধসহ)।
৩। চেয়ারম্যান, সকল বিভাগ, নোবিপ্রবি (শিক্ষার্থীরে অবহিতকরণের অনুরোধসহ)।

নোবিপ্রবি/রেজি/একা/ইউজিসি/মেধাবৃত্তি/২০২৬/১৩৭৬৮ ১৩ আগস্ট ২০২৬

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো ঃ
১. পরীক্ষা নিয়ন্ত্রক, পরীক্ষা নিয়ন্ত্রক দপ্তর, নোবিপ্রবি (শিক্ষার্থীদের ট্রান্সক্রিপ্টের কপিসমূহ সত্যায়িত করার অনুরোধসহ)।
২. পরিচালক (ভারপ্রাপ্ত), আইসিটি সেল, নোবিপ্রবি (প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৩. পরিচালক (ভারপ্রাপ্ত), জনসংযোগ ও প্রকাশনা দপ্তর, নোবিপ্রবি (প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৪. উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৫. উপ-উপাচার্য মহোদয়ের একান্ত সচিব, নোবিপ্রবি।
৬. ডেপুটি রেজিস্ট্রার (অ.দা.), কোষাধ্যক্ষ মহোদয়ের দপ্তর, নোবিপ্রবি।
৭. ব্যক্তিগত শাখা, রেজিস্ট্রার দপ্তর, নোবিপ্রবি।
৮. নথি।
৯. মহানথি।

১৩/০৮/২৬
মোহাম্মদ সাইফুদ্দীন
ডেপুটি রেজিস্ট্রার
শিক্ষা শাখা, রেজিস্ট্রার দপ্তর
নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

F/AR/UGC

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
রিসার্চ গ্রান্টস এন্ড এওয়ার্ড বিভাগ
স্কলারশিপ এন্ড ফেলোশিপ শাখা

স্মারক নম্বর: ৩৭.০১.০০০০.০০০.০৭১.৩৪.০০০২.২০.৩৫৭

তারিখ: ৫ শ্রাবণ ১৪৩৩ বঙ্গাব্দ
২০ জুলাই ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: **ইউজিসি মেধাবৃত্তি ২০২৬-এর জন্য মনোনয়ন আহবান।**

জনাব,

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক দেশের মেধাবী শিক্ষার্থীদের মেধাবিকাশে উৎসাহিত ও অনুপ্রাণিত করার লক্ষ্যে ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬-এর আওতায় দুটি পৃথক শ্রেণিতে (ক. সাধারণ মেধাবৃত্তি ও খ. প্রতিবন্ধী মেধাবৃত্তি) প্রদানের বিধান রয়েছে।

তদপ্রেক্ষিতে আপনার বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মেধাবৃত্তি প্রদানের উদ্দেশ্যে যেসকল মেধাবী শিক্ষার্থী সর্বশেষ শিক্ষাবর্ষে স্নাতক পরীক্ষা সম্পন্ন করেছেন এবং স্নাতকোত্তর পর্যায়ে অধ্যয়নরত আছেন সেসকল শিক্ষার্থীদের মধ্যে প্রত্যেক অনুষদ (৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রি প্রদানকারী) হতে সর্বোচ্চ সিজিপিএ/নম্বরপ্রাপ্ত ১ (এক) জন করে এবং বিদ্যমান সকল ইনস্টিটিউট (৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রি প্রদানকারী)-এর মধ্যে সর্বোচ্চ সিজিপিএ/নম্বরপ্রাপ্ত হইতে ১ (এক) জন শিক্ষার্থীর মনোনয়ন প্রেরণের জন্য অনুরোধ করা হলো। একই সাথে ২ (দুই) জন প্রতিবন্ধী শিক্ষার্থীর নাম প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। এক্ষেত্রে, ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬ অনুসরণপূর্বক মনোনীত শিক্ষার্থীদের মনোনয়ন ফরম Nikosh ফন্টে পূরণপূর্বক সংশ্লিষ্ট প্রমাণক সংযুক্ত করে শিক্ষার্থীদের নামের সংক্ষিপ্ত তালিকা সংবলিত অগ্রায়নপত্র যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ৩০-০৯-২০২৬ খ্রি. তারিখের মধ্যে **পরিচালক, রিসার্চ গ্রান্টস অ্যান্ড অ্যাওয়ার্ড ডিভিশন, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭** বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য, এই পত্র জারির পর কমিশন থেকে ইউজিসি মেধাবৃত্তি ২০২৬-এর জন্য আর কোনো মনোনয়ন আহবান করা হবে না। অধিকন্তু, বিশ্ববিদ্যালয়সমূহকে বর্ণিত নির্দেশনা মোতাবেক অগ্রায়নপত্র সংবলিত মনোনয়ন ফরমের হার্ডকপি যথাসময়ে প্রেরণ করতে হবে এবং উল্লিখিত তারিখের পর কোনো মনোনয়ন গ্রহণ করা হবে না। ইউজিসি মেধাবৃত্তিসংক্রান্ত **আবেদন ফরম**, **তথ্যছক** ও **নীতিমালা** কমিশনের ওয়েবসাইট (www.ugc.gov.bd)-এর **স্কলারশিপ/ফেলোশিপ সেবাবক্স** থেকে ডাউনলোড করা যাবে। এছাড়া সংযুক্ত তথ্যছকে মেধাবৃত্তি সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, মোবাইল নম্বর, ই-মেইল ঠিকানা এবং বিশ্ববিদ্যালয়ের মেধাবৃত্তিসংক্রান্ত ব্যাংক হিসাব বিবরণী প্রেরণের অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে,

সংযুক্তিসমূহঃ
(১) আবেদন ফরম
(২) তথ্য ছক
(৩) ইউজিসি মেধাবৃত্তি নীতিমালা ২০২৬